

🗏 আর-রাহমান | Ar-Rahman | ٱلرَّحْمَٰن

আয়াতঃ ৫৫: ৫

া আরবি মূল আয়াত:

اَلشَّمسُ وَ القَمَرُ بِحُسبَانٍ ﴿۵﴾

সূর্য ও চাঁদ (নির্ধারিত) হিসাব অনুযায়ী চলে, — আল-বায়ান
সূর্য ও চন্দ্র আবর্তন করে সুনির্দিষ্ট হিসাব অনুযায়ী। — তাইসিরুল
সূর্য ও চাঁদ আবর্তন করে নির্ধারিত কক্ষপথে। — মুজিবুর রহমান

The sun and the moon [move] by precise calculation, — Sahih International

৫. সূর্য ও চাঁদ আবর্তন করে নির্ধারিত হিসেবে(১),

(১) حسبان শব্দিটি কারও কারও মতে ধাতু। এর অর্থ হিসাব। কেউ কেউ বলেন যে, এটা حسبان শব্দের বহুবচন। [ইরাবুল কুরআন] আয়াতের উদ্দেশ্য এই যে, সূর্য ও চন্দ্রের গতি এবং কক্ষপথে বিচরণের অটল ব্যবস্থা একটি বিশেষ হিসাব ও পরিমাপ অনুযায়ী চালু রয়েছে। সূর্য ও চন্দ্রের গতির উপরই মানব জীবনের সমস্ত কাজ-কারবার নির্ভর করে। এর মাধ্যমেই দিবারাত্রির পার্থক্য, ঋতু পরিবর্তন এবং মাস ও বছর নির্ধারিত হয়। حسبان এর বহুবচন ধরা হলে অর্থ এই হবে যে, সূর্য ও চন্দ্র প্রত্যেকের পরিক্রমণের আলাদা আলাদা হিসাব আছে। [দেখুন: ফাতহুল কাদীর, কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (৫) সূর্য ও চন্দ্র রয়েছে (নির্ধারিত) হিসাবে। [1]
 - [1] অর্থাৎ, আল্লাহ কর্তৃক নির্ধারিত হিসাব অনুযায়ী নিজ নিজ কক্ষপথে চলমান আছে; যা হতে বিচ্যুত হয় না।

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/guran/link/?id=4906

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন